কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.৩৮.১১.০০২.২০১৭-৬৪২৪ তারিখঃ ১১/০৬/২০১৭খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অধীনস্থ নিম্নবর্ণিত পদ অস্থায়ীভাবে পূরণ করার নিমিত্ত রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলার নাগরিক ব্যতিত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইন এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| ক্র/নং | পদের নাম ও গ্রেড | পদের সংখ্যা | বেতন স্কেল | প্রয়োজনীয় যোগ্যতা | জেলা কোটা শূন্য না থাকায় যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | স্টোর কিপার (গ্রেড-১৪) | ৪২ | ১০২০০-২৪৬৮০/- | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি। | পটুয়াখালী, তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ৪০৪ | ৯৩০০-২২৪৯০/- | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকিতে হইবে।<br>কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপ ইত্যাদি সর্বনিম্ন গতি থাকতে হবে ;<br>(ক) বাংলাঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজীঃ প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ | ঐ |
| ৩. | ক্যাশিয়ার (গ্রেড-১৬) | ১৩ | ৯৩০০-২২৪৯০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে ব্যবসায় শিক্ষা বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা। | ঐ |
| ৪. | ড্রাইভার (গ্রেড-১৬) | ৫ | ৯৩০০-২২৪৯০/- | ৮ম শ্রেণী পাশ<br>বৈধ মটর ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনায় ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা। | ঐ |
| ৫. | প্লাম্বিং মিস্ত্রি (গ্রেড-১৭) | ৬ | ৯০০০-২১৮০০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ টিউবওয়েল মেরামত এবং পানির লাইন মেরামত সংক্রান্ত কাজে অন্যূন ৫ (পাঁচ) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; | চাঁপাইনাববগঞ্জ, মেহেরপুর, বরিশাল, পিরোজপুর, ফরিদপুর, তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ৬. | স্প্রেয়ার মেকানিক (গ্রেড-১৮) | ১৬৮ | ৮৮০০-২১৩১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে সার্টিফিকেট থাকতে হবে। | ঐ |
| ৭. | অফিস সহায়ক (গ্রেড-২০) | ৭ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা | ঐ |
| ৮. | ফার্মলেবার (গ্রেড-২০) | ১৫২ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | ঐ |
| ৯. | নিরাপত্তা প্রহরী/অফিস গার্ড (গ্রেড-২০) | ২১৯ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা | ঐ |
| ১০. | বাবুর্চি (কুক) (গ্রেড-২০) | ৩২ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ রান্নার কাজে অন্যূন ২ (দুই) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(খ) সুঠাম স্বাস্থ্যের অধিকারী হইতে হইবে। | ঐ |
| ১১. | পরিচ্ছন্নতা কর্মী (গ্রেড-২০) | ৬৫ | ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ সুঠাম স্বাস্থ্যের অধিকারী হতে হবে। | ঐ |

### নিয়োগের শর্তাবলীঃ

১. **নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি বিধান প্রতিপালিত হবে।**

২. **অনলাইন**-এ আবেদনপত্র পূরণ এবং পরীক্ষার ফি জমাদান শুরু ও শেষ হওয়ার তারিখ ও সময়ঃ

ক. আবেদনপত্র পূরণ ও ফি **জমাদান শুরুর তারিখ** ও সময় ঃ ১৪ জুন ২০১৭খ্রিঃ সকাল ১০.০০ টা।
খ. আবেদনপত্র **জমাদানের শেষ তারিখ** ও সময় ঃ ১৩ জুলাই ২০১৭খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা।
গ. আবেদনপত্র **গ্রহণের শেষ তারিখ** ও সময় ঃ ১৩ জুলাই ২০১৭খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা।

শুধুমাত্র User ID প্রাপ্ত প্রার্থীগণ উক্ত সময়ের পরবর্তী ৭২ ঘন্টা এর মধ্যেই (অর্থাৎ ১৬ জুলাই ২০১৭খ্রিঃ সন্ধ্যা ০৬.০০ টা পর্যন্ত) SMS এর মাধ্যমে ফি জমা দিতে পারবেন। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গৃহীত হবে না।

**বিশেষ দ্রষ্টব্যঃ** Applicant's Copy-তে উল্লিখিত সময় অনুযায়ী (অর্থাৎ ৭২ ঘন্টার মধ্যে) প্রার্থীদের ফি জমাদান সম্পন্ন করতে পরামর্শ দেওয়া হলো। কাজেই শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনপত্র জমাদান চূড়ান্ত করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

৩. প্রতিটি প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ১১২/= (একশত বার টাকা) উল্লিখিত নিয়মে যথাসময়ে প্রদান করতে হবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলে গন্য হবে।

৪. **বয়স সীমাঃ** ১৪ জুন ২০১৭ খ্রিঃ তারিখে বয়স-

ক. প্রার্থীর বয়সসীমা ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। জন্মতারিখ সর্বনিম্ন ১৪ জুন ১৯৯৯খ্রিঃ এবং সর্বোচ্চ ১৪ জুন ১৯৮৭ খ্রিঃ পর্যন্ত।

খ. মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/ শারিরীক প্রতিবন্ধী প্রার্থীদের জন্য বয়সসীমা ১৮ থেকে ৩২ বছর। জন্মতারিখ সর্বনিম্ন ১৪ জুন ১৯৯৯খ্রিঃ এবং সর্বোচ্চ ১৪ জুন ১৯৮৫ খ্রিঃ পর্যন্ত।

গ. মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যার পুত্র-কন্যাদের প্রার্থীদের বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। জন্মতারিখ সর্বনিম্ন ১৪ জুন ১৯৯৯খ্রিঃ এবং সর্বোচ্চ ১৪ জুন ১৯৮৭ খ্রিঃ পর্যন্ত।

ঘ. প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদন পত্র গ্রহণযোগ্য হবে না।

৫. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৬. প্রার্থী নির্বাচনে জেলা কোটাসহ সরকার কর্তৃক প্রচলিত অন্যান্য সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরন করা হবে।

৭. প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা আছে অনলাইন আবেদনপত্রে এবং পরবর্তীতে হুবহু সেভাবে লিখতে হবে।

৮. বিজ্ঞাপিত পদের প্রেক্ষিতে শুধুমাত্র অনলাইনে প্রাপ্ত আবেদনপত্র যাচাই বাছাই প্রক্রিয়া শেষে স্বল্প সময়ের মধ্যে লিখিত পরীক্ষা গ্রহণের লক্ষ্যে যোগ্য প্রার্থীদের তালিকা ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং যোগ্য প্রার্থীগণই শুধুমাত্র লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। মুদ্রিত/হস্তলিখিত কোন প্রকার আবেদন বা কাগজপত্র ডাকযোগে বা অন্য কোন উপায়ে প্রেরণ করা হলে তা গ্রহণযোগ্য হবে না।

৯. অনলাইন-এ আবেদনপত্র পূরণের ক্ষেত্রে শুধুমাত্র Teletalk Bangladesh Limited এর Web Address http://dae.teletalk.com.bd অথবা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: www.dae.gov.bd থেকে প্রাপ্ত অনলাইন আবেদনপত্র বৈধ বলে গণ্য হবে।

১০. ১১ ক্যাটাগরির বিভিন্ন পদে নিয়োগের অনলাইন আবেদনে উল্লিখিত প্রার্থীর মোবাইল নম্বরে Teletalk হতে SMS এর মাধ্যমে প্রার্থীদের যথাসময়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হবে।

১১. **অনলাইনে ফরম পূরণের সংক্ষিপ্ত পদ্ধতিঃ**

**প্রার্থীকে টেলিটক বাংলাদেশ লিঃ-** এর ওয়েব সাইট **http://dae.teletalk.com.bd** অথবা **কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের** ওয়েব সাইট **http://www.dae.gov.bd**এর মাধ্যমে বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত নির্ধারিত আবেদনপত্র পূরণ করে online registration কার্যক্রম এবং ফি জমাদান সম্পন্ন করতে হবে। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের www.dae.gov.bd ওয়েব সাইটে অনলাইন আবেদনপত্র পূরণের বিষয়ে বিস্তারিত নির্দেশনা দেয়া থাকবে। অনলাইন ফরম পূরণের পূর্বে প্রার্থী উক্ত নির্দেশনা অংশটি download করে প্রতিটি নির্দেশনা ভালভাবে আয়ত্ত করে নিতে পারবেন।**এছাড়া নির্ভুলভাবে আবেদন করার ক্ষেত্রে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আইসিটি ব্যবস্থাপনা অনুশাখা এবং জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তর হতে প্রয়োজনীয় তথ্যাদি ও সহযোগিতা পাওয়া যাবে।**

১২. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের Web Address: http://www.dae.gov.bd-এ ১১ ক্যাটাগরির বিভিন্ন পদে নিয়োগের যাবতীয় তথ্যাদি সময় সময় হালনাগাদ করা হবে।

১৩/০৬/১৭

(মোঃ মোয়াজ্জেম হোসেন)
উপপরিচালক (পার্সোনেল)
ও
সদস্য সচিব
বিভাগীয় বাছাই/নির্বাচনী কমিটি